**দৈনিক ইত্তেফাক**

তারিখ ... SEP 08 1999 ... পৃষ্ঠা ... ৮ ... কলাম ৭

## এসএসসি ও এইচএসসি বিশেষ পরীক্ষা প্রসঙ্গে

এসএসসি এবং এইচএসসি বিশেষ পরীক্ষা চলতি বৎসর হইতে চালু করা হইয়াছে। ইহাতে অনেক পরীক্ষার্থী উপকৃত হইবে সন্দেহ নাই। কিন্তু এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থিগণ এক বৎসরের জন্য পিছাইয়া যাইবে। কয়েক বৎসর পূর্বে ফল ঘোষণার তিন মাসের মধ্যেই বিশেষ পরীক্ষায় অংশগ্রহণের ব্যবস্থা ছিল। ফলে পরীক্ষার্থীদের কোন সময় নষ্ট হইত না। পত্রিকান্তরে জানিতে পারিলাম যে, ২০০০ সনে এইরূপ পরীক্ষার্থীদের নম্বর অনুযায়ী বিভাগ সহকারে উত্তীর্ণ করা হইবে। আবার কলেজে ভর্তি হইয়াও বিশেষ পরীক্ষায় অংশগ্রহণ করা যাইবে। এমতাবস্থায়, চলতি বৎসর হইতেই বিশেষ পরীক্ষায় নম্বর অনুযায়ী বিভাগ ঘোষণার বিষয়টি বিবেচনার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

এ,কে,এম, উবায়েদুল ইসলাম,
সাং চন্দ্র গ্রাম,
ডাকঃ বাজিতপুর,
জেলাঃ কিশোরগঞ্জ।

SHEETS